

হাসিতে পারেনা চাঁদ

সায়েফ আব্দুল হক

নিবিড় মেঘের আড়ালে মাতম
হাসিতে পারেনা চাঁদ
কাকলিত পাখির কষ্টে গুলির শব্দ
রক্তে ভেজা ঘাসের পালক।

প্রভাত ফেরির ডাকে ঘূম ভাঙ্গে নিরবতা
ভাঙ্গে বিষন্ন অবসাদ
নিহত নিঃশ্বাসে কাঁপে সাগরের ঢেউ
ভাসে স্নোতের বিভাস।

চোখের পলক নড়ে কথা কয় জলভারে
ভাষাহীন ভাবের উচ্ছাস
অচেতন মায়ের দেহে অন্ধকারে
পথ খুঁজে অতনুর হাত।

নিবিড় মেঘের আড়ালে মাতম
হাসিতে পারেনা চাঁদ।